



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৫৩৭

তারিখ: ২৫/০২/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে অনুষ্ঠিত হতে যাচ্ছে তারুণ্যের উৎসব-২০২৫

‘এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই’ প্রতিপাদ্যে আইসিটি ব্যবহারে তারুণ উদ্যোক্তাদের উৎসাহ প্রদান এবং তারুণ প্রজন্মের মধ্যে সৃজনশীলতা ও উদ্ভাবনী গুণাবলি বিকাশের লক্ষ্যে তারুণ্যের উৎসব শুরু হয়েছে। এরই অংশ হিসেবে কুমিল্লা বিশ্ববিদ্যালয়েও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উদ্যোগে এবং কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় অনুষ্ঠিত হতে যাচ্ছে তারুণ্যের উৎসব-২০২৫। আগামী বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) কুমিল্লা বিশ্ববিদ্যালয় খেলার মাঠে এটি অনুষ্ঠিত হবে।

উক্ত অনুষ্ঠানের শুরুতে সকাল ১০ টায় ডকুমেন্টারি প্রদর্শন, তারপর পবিত্র ধর্মগ্রন্থ পাঠ করা হবে। এরপর স্বাগত বক্তব্য রাখবেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক মোহাম্মদ আনোয়ার উদ্দিন। সকাল সাড়ে ১০ টায় অনুষ্ঠানের শুভ উদ্বোধন করবেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা। অনুষ্ঠানটির সভাপতিত্ব করবেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী।

সকাল ১০ টা ৫৫ মিনিট থেকে তারুণ্যের মেলা উদ্বোধন, ক্রিকেট ম্যাচ উদ্বোধন এবং অনলাইন কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ১২ টা থেকে ০১ টা এবং ০২টা থেকে ০৩ টা পর্যন্ত সেমিনার এবং বিকাল ০৩ টায় পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

তারুণ্যের মেলা, ক্রিকেট ম্যাচ, অনলাইন কুইজ প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উন্মুক্ত থাকবে। শুধুমাত্র আমন্ত্রিত অতিথি ও রেজিস্ট্রেশন করা শিক্ষার্থীরা সেমিনারে অংশগ্রহণ করতে পারবে। আমন্ত্রিত অতিথিবৃন্দকে আমন্ত্রণ পত্র এবং রেজিস্ট্রেশন করা শিক্ষার্থীদেরকে রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন করে সেমিনার স্থলে প্রবেশ করতে হবে।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

- পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
- পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
- পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
- সংশ্লিষ্ট নথি।